

## ৩৪ শিক্ষার্থীর অবৈধ ভর্তি বাতিল দাবি ঢাবি সাদা দলের

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৪ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৪ অক্টোবর ২০১৯ ০১:১২

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনের

সময় অবৈধভাবে সক্ষ্যাকালীন কোর্সে ভর্তি হওয়া ৩৪ শিক্ষার্থীর ভর্তি বাতিল এবং এ বিষয়ে নিজেদের বক্তব্য অন্য শিক্ষকদের জনিয়ছে বিএনপি সমর্থিত ঢাবি সাদা দল। গতকাল রবিবার তারা এ বিষয়ে শিক্ষকদের চিঠি দিয়েছেন।

চিঠিতে তারা উল্লেখ করেন, ডাকসু নির্বাচনকে সামনে রেখে সরকার সমর্থক ছাত্র সংগঠনের সাবেক ও বর্তমান ৩৪ নেতাকে বিজনেস স্টাডিজ অনুযয়ে ‘মাস্টার্স অব ট্যাক্স ম্যানেজমেন্ট প্রোগ্রামে’ বিনা ভর্তি পরীক্ষায় ভর্তি করা হয়। উপাচার্য আলোচনায় ৩৪ শিক্ষার্থীর ভর্তি কার্যক্রমের পক্ষে তার অবস্থান ব্যক্ত করেছেন। এতে অবৈধ প্রক্রিয়ায় ভর্তির সঙ্গে ডিন ও উপাচার্যের সংশ্লিষ্টতা সম্পর্কে বিভিন্ন মহল থেকে যে অভিযোগ উঠেছে, তা সত্য বলে প্রতীয়মান হয়।

আমরা মনে করি, নির্বাচনে নিজেদের সমর্থক ছাত্র সংগঠনের নেতাকর্মীদের অবৈধ সুযোগ দেওয়ার জন্যই শেষ মুহূর্তে তড়িঘড়ি করে এ কাজটি করা হয়েছিল।

চিঠিতে আরও বলা হয়, ঘটনার পর ছাত্র-শিক্ষকদের বিভিন্ন কর্মসূচি এবং দেশব্যাপী এর তীব্র সমালোচনার ঝড় উঠলেও এখন পর্যন্ত ব্যাপারটি ডিনস কমিটি বা সিন্ডিকেট কোথাও উপস্থাপন করা হয়নি। এমনকি ঘটনা তদন্তের জন্য কমিটিও গঠন করা হয়নি। সচেতন শিক্ষক হিসেবে আমরা এ অন্যায়ে প্রতিবাদ ও প্রতিকার দাবি করছি।

বিশ্ববিদ্যালয়কে কলঙ্কমুক্ত করা এবং ঐতিহ্য ও গৌরব সমুন্নত রাখার স্বার্থে অবিলম্বে অবৈধ প্রক্রিয়ায় ভর্তি হওয়া শিক্ষার্থীদের ভর্তি বাতিল এবং এর সঙ্গে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানাচ্ছি।

advertisement